

নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালিত

অব্যাহত নারী, শিশু হত্যা-ধর্ষণ, নির্যাতন বন্ধের দাবি
সমাজতান্ত্রিক মহিলা ফোরাম



২৪ আগস্ট '২০ নারী নির্যাতন প্রতিরোধ দিবসের ২৫তম বার্ষিকী উপলক্ষে সমাজতান্ত্রিক মহিলা ফোরামের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মহিলা ফোরামের সদস্য শরিফা আগরের সভাপতিত্ব এবং মুক্তা বাউড়ের পরিচালনায় বক্তব্য রাখেন বাসদ ঢাকা নগর শাখার সদস্যসচিব জুলফিকার আলী, ছাত্র ফ্রন্টের কেন্দ্রীয় সভাপতি আল কাদেরী জয়, সদস্য সুখিতা মরিয়ম।

নেতৃবৃন্দ বলেন, দিনাজপুরের ইয়াসমিন ১৪ বছরের মেয়ে ঢাকায় গৃহশ্রমিকের কাজ করতেন। ২৩ আগস্ট বিকেলে বাড়ি যাওয়ার উদ্দেশ্যে বাসে রওনা দেন। রাত সাড়ে ৩টায় তাকে দশমাই উপজেলার বাসস্ট্যান্ডে নামিয়ে দেয়া হয়। টহল পুলিশ তাকে বাড়ি পৌঁছে দেওয়ার কথা বলে তাদের গাড়িতে তুলে নেয়। কিছুদূর যাওয়ার পর তাকে গণধর্ষণ করে নৃশংসভাবে হত্যা করে লাশ জঙ্গলে ফেলে চলে যায়। পরদিন ইয়াসমিনের লাশ পেয়ে এবং পুলিশের সংশ্লিষ্টতার কথা জেনে বিচারের দাবিতে জনতা পুলিশ ফাঁড়ি ঘেরাও করে। পুলিশ মিছিলে গুলি চালালে ৭ জন মানুষ মারা যায়। এই ঘটনার প্রেক্ষিতে আন্দোলন ছড়িয়ে পড়ে সারাদেশে। এই আন্দোলনের কারণে নতুন আইন প্রণীত হয়। ইয়াসমিন ধর্ষণ ও হত্যাকারী পুলিশদের ফাঁসি কার্যকর হয়। এরপর থেকে ২৪ আগস্ট নারী নির্যাতন প্রতিরোধ দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

ইয়াসমিন হত্যার ২৪ বছর পরও নারীর প্রতি নির্যাতন ও সহিংসতা বন্ধ হয়নি বরং বেড়েই চলেছে। করোনা মহামারির মধ্যেও নারী ও শিশু হত্যা-ধর্ষণ-নির্যাতন বেড়েছে। কেরাণীগঞ্জে ত্রাণ দেয়ার কথা বলে বাড়িতে ডেকে নিয়ে ১০ বছরের শিশু কন্যাকে ধর্ষণ করে, টাঙ্গাইলে করোনা রোগী তল্লাশির নামে কিশোরী মেয়েকে অপহরণ করে গণধর্ষণ, ফেনীতে ফেসবুকে লাইভ করে স্ত্রীকে হত্যা, কক্সবাজারে বিয়ের প্রস্তাবে রাজী না হওয়ায় গরু চুরির অপবাদ দিয়ে মা ও মেয়েকে কোমরে দড়ি বেঁধে লাঞ্চিত করা ইত্যাদি ঘটনা; লা অহরহই ঘটছে। বেশির ভাগ নারী নির্যাতনেরই বিচার হয় না। বিচারের দীর্ঘসূত্রীতা রয়েছে। ভোগবাদী ও মৌলবাদী দৃষ্টিভঙ্গি নারী নির্যাতনে উৎসাহ জোগাচ্ছে। পুঁজিবাদী শোষণমূলক ব্যবস্থায় ঘরে-বাইরে সর্বত্র পুরুষতান্ত্রিক মানসিকতা নারীর প্রতি সহিংসতা বৃদ্ধি করছে। ধর্ষণের বিচার চাইতে গিয়ে নানারকম হয়রানির শিকার হতে হয়। এখানে ভিকটিমকেই

প্রমাণ করতে হয় যে, সে ধর্ষিত হয়েছে। পর্ন সাইটগুলো অবাধে চলছে। নরপশুদের বিকৃতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, ৩ বছরের নারী শিশুও এদের লালসা থেকে রক্ষা পাচ্ছে না। এর বিরুদ্ধে সর্বস্তরের জনগণের জাগরণ দরকার। গণপ্রতিরোধ গড়ে তোলা দরকার।

নারায়ণগঞ্জ : নারী নির্যাতন প্রতিরোধ দিবস উপলক্ষে সমাজতান্ত্রিক মহিলা ফোরাম নারায়ণগঞ্জ জেলা শাখার উদ্যোগে প্রেসক্লাবের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মহিলা ফোরামের সংগঠক খায়রুন নাহারের সভাপতিত্বে মানববন্ধনে সংহতি জানিয়ে বক্তব্য রাখেন বাসদ নারায়ণগঞ্জ জেলা সমন্বয়ক নিখিল দাস, ছাত্র ফ্রন্টের জেলা সভাপতি সুলতানা আক্তার, নারী সংগঠক মুন্নি সরদার, বিথী মাহমুদ, রাজলক্ষ্মী।

ভাঙ্গা : সমাজতান্ত্রিক মহিলা ফোরাম ফরিদপুর জেলা শাখার সভাপতি মাহমুদা হোসেনের সভাপতিত্বে ভাঙ্গায় মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন বাসদ জেলা সমন্বয়ক অধ্যক্ষ মোসাম্মেদ হোসেন ঢালী, তারেক মাসুদ ফাউন্ডেশনের সদস্যসচিব জনাব সাঈদ মাসুদ, মহিলা ফোরাম ভাঙ্গা থানা শাখার সদস্যসচিব সম্পা মাসুদ, সুভাস মণ্ডল, চিত্রশিল্পী মোস্তাক খান।

খুলনা : নারী নির্যাতন প্রতিরোধ দিবস উপলক্ষে মহিলা ফোরাম, খুলনা জেলা শাখা আয়োজিত মানববন্ধনে সভাপতিত্ব করেন সংগঠনের খুলনা জেলা শাখার আহ্বায়ক কোহিনুর আক্তার কণা। বক্তব্য রাখেন, বাসদ খুলনা জেলা সমন্বয়ক কমরেড জনার্দন দত্ত নান্টু, শ্রমিক ফ্রন্ট খুলনা জেলা সাধারণ সম্পাদক আব্দুল করিম, মহিলা ফোরাম খুলনা জেলা সদস্য জোবেদা আক্তার, পারভীন আক্তার, মাহিলা আক্তার আনিকা, জেসমিন খাতুন, সঙ্গীতা মণ্ডল, তামান্না, রিজ্জা, ইরানী, বাসদ নেতা কামরুল ইসলাম ও সনজিত মণ্ডল।